**রাজশাহী জেলাধীন দুর্গাপুর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের আগস্ট/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ**

সভাপতি ঃ ডাঃ আঈশা নুসরাত জাহান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অঃ দাঃ) দুর্গাপুর, রাজশাহী।
স্থান ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমপ্লেক্সের সভাকক্ষ, দুর্গাপুর, রাজশাহী।
তারিখ ঃ ১১/০৮/২০২৫ খ্রিঃ
সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্য বিষয় অনুসারে আলোচনা করা হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কারী |
|---|---|---|
| ০১। <u>পরিবার পরিকল্পনা কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাঃ</u> সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জনাব, মোঃ সাদ্দাম হোসেন সভায় জুলাই/২০২৫ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। উক্ত প্রতিবেদন পর্যালোচনা কালে দেখা যায়, অত্র উপজেলার বর্তমান সক্ষম দম্পতি ৪৫৯৯৭ এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি মোট গ্রহীতা ৩৫৪০৯ অর্থাৎ গ্রহণকারীর হার ৭৬.৯৮%। যার মধ্যে অস্থায়ী পদ্ধতি খাবার বড়ির গ্রহীতা ১৬১১০ জন, ইনজেকশানের গ্রহীতা ৪৫৮৮ জন এবং কন্ডমের গ্রহীতা ৭৮৭৭ জন। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার পরিবার পরিকল্পনা সেবার মান বৃদ্ধি সহ এ ধারা অব্যাহত রাখার পারামর্শ প্রদান করেন।<br><br>স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতিতে দুর্গাপুর উপজেলায় অর্জনের হার মোট সক্ষম দম্পতির ১৫.২০%। বর্তমানে ইমপ্লানন এবং আইইউডি সরবরাহ না থাকায় অত্র উপজেলায় দীর্ঘমেয়াদি পদ্ধতি সম্পাদন হয় নাই। ডাঃ আঈশা নুসরাত জাহান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অঃ দাঃ)<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার বলেন বর্তমানে জন্মনিয়ন্ত্রন দ্রব্যাদি চাহিদার তুলনায় মজুদ অপ্রতুল। তিনি বর্তমান মজুদ ইমপ্লানন এবং আই ইউ ডি'র মেয়াদ উর্ত্তীন্ন হওয়ার পূর্বেই বিতরণ নিশ্চত করনের ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। | ০১। পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতি সেবার মান বৃদ্ধি সহ এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমান মজুদ ইমপ্লানন এবং আই ইউ ডি'র মেয়াদ উর্ত্তীন্ন হওয়ার পূর্বেই বিতরণ নিশ্চত করনের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার/মেডিক্যাল অফিসার(এমসি এইচ এফপি), উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার পরিকল্পনা পরিদর্শক (সকল) পরিবার কল্যাণ সহকারী (সকল) |
| ০২। <u>মা ও শিশু স্বাস্থ্য সেবা সর্ম্পকে আলোচনা ঃ</u> সভায় মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সর্ম্পকে বিস্তারিত আলোচনা করা হয়। বর্তমানে অত্র উপজেলায় গর্ভবতি মা আছেন ১০৯২ জন এবং তাদেরকে সার্বিকভাবে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ ও পরিবার কল্যাণ সহকারীগণ সার্বক্ষনিক সেবা প্রদান করছেন। এপ্রিল/২০২৫ মাসে সদর ক্লিনিক সহ বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভবতির সেবা প্রদান করা হয়েছে মোট ৬০৬ জন । জীবিত জন্মের সংখ্যা ১৫১ । প্রাতিষ্ঠানিক ডেলিভারী সম্পাদিত হয়েছে ১৪৭ টি। যা মোট ডেলিভারীর ৯৭% । গর্ভোত্তর সেবা পেয়েছে ৮৪ জন। ০-৫ বছরের সেবা প্রাপ্ত মোট শিশু ২৪২৭ সেবা প্রাপ্ত সাধারণ রোগীর সংখ্যা ২১৭৮ যার মধ্যে পুরুষ ৫১ জন এবং মহিলা ২১২৭ জন। ডাঃ আঈশা নুসরাত জাহান, মেডিকেল অফিসার (এমসি এইচ-এফপি) দূর্গাপুর, রাজশাহী নরমাল ডেলিভারী সেবাসহ মা ও শিশু স্বাস্থ্য সেবায় অগ্রগতি অর্জনে আরও তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট সকল কে অনুরোধ জানান। | ২। নরমাল ডেলিভারী সেবাসহ মা ও শিশু স্বাস্থ্য সেবায় অগ্রগতি বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | ০২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার/মেডিক্যাল অফিসার(এমসি এইচ এফপি), উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার পরিকল্পনা পরিদর্শক (সকল) পরিবার কল্যাণ সহকারী (সকল) |

CamScanner